# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পর্ব - ০৫
## সৃজনশীল নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর
## (পাঠ পরিকল্পনা - ০৫ অনুসারে)

আলোচ্য বিষয়:
যৌথমূলধনী কোম্পানির আর্থিক বিবরণী
হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র
একাদশ/দ্বাদশ শ্রেণি

মুহম্মদ জিয়াউর রহমান
সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)
বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
০১৬১০-৯৩৫৩৫৬

## নমুনা প্রশ্ন -০১
## (সেবাধর্মী প্রতিষ্ঠান)

জনতা এজেন্সি লিমিটেড এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিচে দেয়া হল:

জনতা এজেন্সি লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ,২০১৯ খ্রি.

| হিসাবের নাম | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ৭,৫০,০০০ |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৯০,০০০ সাধারণ শেয়ার) পূর্ণ পরিশোধিত | | ৯,০০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৬০,০০০ |
| প্রদেয় মজুরি | | ৮০,০০০ |
| অফিস সাপ্লাইজ | ১,৮০,০০০ | |
| মোটরগাড়ি | ৮,০০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৪,০০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়-মোটরগাড়ি | | ৬০,০০০ |
| পুঞ্জিভূত অবচয়-অফিস সরঞ্জাম | | ২০,০০০ |
| স্পেয়ার পার্টস | ৩,০০,০০০ | |
| উপযোগ খরচ | ১০,০০০ | |
| আয়কর | ২০,০০০ | |
| অগ্রিম বিমা | ৮০,০০০ | |
| ১২% বিনিয়োগ (০১-০৭-২০১৮) | ২,০০,০০০ | |
| রক্ষিত আয় | | ১,২০,০০০ |
| মোট = | ১৯,৯০,০০০ | ১৯,৯০,০০০ |

সমন্বয় সমুহ:

১) স্পেয়ার পার্টস ১,৬০,০০০ টাকা ও অফিস সাপ্লাইজ ১,০০,০০০ টাকা চলতি বছর ব্যবহার করা হয়েছে।
২) বছর শেষে অগ্রিম বিমা পরিমাণ ৩০,০০০ টাকা।
৩) অনুপার্জিত সেবা আয় ৪০,০০০ টাকা অর্জিত হয়েছে।
৪) মোটরগাড়ি ও অফিস সরঞ্জাম- এর বার্ষিক ১০% অবচয় ধার্য করা আবশ্যক।
৫) শেয়ার মূলধনের উপর ৫% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়।
৬) আয়করের জন্য ২৫,০০০ টাকা সঞ্চিতির ব্যবস্থা করো

ক) ২ ও ৩ নং সমন্বয় দফা দুটির জন্য সমন্বয় দাখিলা দাও।
খ) ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত করো।
গ) ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো।

১(ক) নং প্রশ্নের উত্তর :
জনতা এজেন্সি লিমিটেড
সাধারণ জাবেদা (সমন্বয় দাখিলা)

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | সূত্র | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ খ্রি: ডিসে-৩১ | (২) বিমা খরচ ডে.<br>অগ্রিম বিমা ক্রে.<br>(বিমা খরচ সমন্বয় করা হলো।) | | ৫০,০০০ | ৫০,০০০ |
| ডিসে-৩১ | (৩) অনুপার্জিত সেবা ডে.<br>সেবা আয় ক্রে.<br>(অর্জিত সেবা আয় সমন্বয় করা হলো।) | | ৪০,০০০ | ৪০,০০০ |
| | মোট = | | ৯০,০০০ | ৯০,০০০ |

**১(খ) নং প্রশ্নের উত্তর :**

জনতা এজেন্সি লিমিটেড

বিশদ আয় বিবরণী

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমুহ:** | | | |
| সেবা আয় | ৭,৫০,০০০ | | |
| যোগ: অর্জিত সেবা আয় | ৪০,০০০ | ৭,৯০,০০০ | |
| বিনিয়োগের সুদ (২,০০,০০০ x ১২%) | | ২৪,০০০ | |
| **মোট আয় =** | | | **৮,১৪,০০০** |
| **বাদ: খরচসমুহ** | | | |
| উপযোগ খরচ | | ১০,০০০ | |
| স্পেয়ার পার্টস খরচ | | ১,৬০,০০০ | |
| অফিস সাপ্লাইজ খরচ | | ১,০০,০০০ | |
| বিমা খরচ (৮০,০০০-৩০,০০০) | | ৫০,০০০ | |
| **অবচয়সমুহ:** | | | |
| মোটরগাড়ি (৮,০০,০০০x১০%) | ৮০,০০০ | | |
| অফিস সরঞ্জাম(৪,০০,০০০x১০%) | ৪০,০০০ | ১,২০,০০০ | |
| মোট খরচ = | | | ৪,৪০,০০০ |
| **করপুর্ব নিট আয়** | | | **৩,৭৪,০০০** |
| বাদ: আয়কর সঞ্চিতি | | | ২৫,০০০ |
| **করবাদ নিট আয় =** | | | **৩,৪৯,০০০** |

**১(গ) নং প্রশ্নের উত্তর :**

জনতা এজেন্সি লিমিটেড

রক্ষিত আয় বিবরণী

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক জের (০১-০১-২০১৯খ্রি.) | ১,২০,০০০ | |
| যোগ: করবাদ নিট আয় (চলতি বছর) | ৩,৪৯,০০০ | |
| | | ৪,৬৯,০০০ |
| **বাদ: বন্টনসমুহ** | | |
| আয়কর | ২০,০০০ | |
| ঘোষিত লভ্যাংশ | ৪৫,০০০ | |
| | | ৬৫,০০০ |
| **সমাপনী জের (৩১-১২-২০১৯খ্রি.)** | | **৪,০৪,০০০** |

নমুনা প্রশ্ন -০২

(ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান: কালীন মজুদ পদ্ধতি)

সানর্জিদা লিমিটেড-এর ২০২০ সালের ৩০ জুন তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে প্রদত্ত হলো:

সানর্জিদা লিমিটেড

রেওয়ামিল

৩০ জুন, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মুলধন (প্রতিটি ১০ টাকা মুল্যের ৫০,০০০ শেয়ার) | | ৫,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ৩,৫০,০০০ |
| অফিস সরঞ্জাম | ২,০০,০০০ | |
| ১২% বিনিয়োগ (০১-০৭-২০১৯ খ্রি.) | ১,৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৫০,০০০ | ২০,০০০ |
| আমদানি শুল্ক | ২০,০০০ | |

| | | |
|---|---:|---:|
| আসবাবপত্র | ৯,৩০,০০০ | |
| বেতন খরচ | ২৩,০০০ | |
| বিমা খরচ ( ৩০-০৯-২০২০ পর্যন্ত) | ৩,০০০ | |
| আয়কর | ৩০,০০০ | |
| অর্ন্তবর্তীকালীন লভ্যাংশ | ৩০,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৯,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০৭-২০১৯ খ্রি.) | | ৮৪,০০০ |
| নগদ ও ব্যাংক | ১,২৯,০০০ | |
| | ৯,৫৫,০০০ | ৯,৫৫,০০০ |

সমন্বয় সমূহ

১) ধারে বিক্রয় ৯,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি।

২) সমাপনী মজুদ পণ্য ৫৫,০০০ টাকা।

৩) প্রাপ্য হিসাবের ৯,০০০ টাকা অবলোপন করো। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৩% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো।

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো।

খ) মোট আয় ৯,৬৬,০০০ টাকা ধরে নিয়ে আয় বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো।

গ) কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী সম্পদ পাশ দেখাও।

## ২(ক) নং প্রশ্ন উত্তর

বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---:|
| প্রারম্ভিক মজুদ | ৪০,০০০ |
| যোগ: নিট ক্রয় | ১,৫০,০০০ |
| যোগ: আমদানি শুল্ক | ২০,০০০ |
| **বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়** | **২,১০,০০০** |
| বাদ: সমাপনী মজুদ | ৫৫,০০০ |
| **বিক্রিত পণ্যের ব্যয়** | **১,৫৫,০০০** |

## ২(খ) নং প্রশ্ন উত্তর

সানজিদা লিমিটেড

বিশদ আয় বিবরণী (আংশিক)

২০২০ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---:|---:|---:|
| মোট আয় ( দেয়া আছে) | | | ৯,৬৬,০০০ |
| বাদ: পরিচালন খরচ | | | |
| বেতন খরচ | | ২৩,০০০ | |
| বিমা খরচ | ৩,০০০ | | |
| বাদ: অগ্রিম ( ৩,০০০÷১২×৩) | ৭৫০ | ২,২৫০ | |
| অলিখিত অনাদায়ী পাওনা | ৯,০০০ | | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি [(৫০,০০০+৯,০০০-৯,০০০) × ৩%] | ১,৫০০ | | |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৯,০০০ | ১,৫০০ | |
| | | | ২৬,৭৫০ |
| **পরিচালন আয়** | | | **৯,৩৯,২৫০** |
| যোগ: অন্যান্য আয় | | | |
| সুদ আয় (১,৫০,০০০× ১২%) | | | ১৮,০০০ |
| **করপূর্ব নিটআয়/নিট আয়** | | | **৯,৫৭,২৫০** |

**বিশেষ নোট:**

বিনিয়োগের সুদকে সুদ আয় হিসাবে লেখা হয়েছে। বিনিয়োগের ওপর ১২% হারে এক বছরের সুদ প্রাপ্য আছে। যা বিশদ আয় বিবরণীতে অন্যান্য আয় হিসাবে এবং আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদ শিরোনামে প্রাপ্য সুদ নামে দেখানো হয়েছে।

**২(গ) নং প্রশ্ন উত্তর**

সানজিদা লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)
৩০ জুন, ২০২০ তারিখে প্রস্তুতকৃত

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী পরিসম্পদ:** | | | |
| অফিস সরঞ্জাম | | ২,০০,০০০ | |
| আসবাবপত্র | | ১,৩০,০০০ | ৩,৩০,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ১২% বিনিয়োগ (০১-০৭-২০১৯) | | | ১,৫০,০০০ |
| **চলতি সম্পদ, ঋণ ও অগ্রিম:** | | | |
| প্রাপ্য হিসাব | ৫০,০০০ | | |
| যোগ: অলিখিত বিক্রয় | ১,০০০ | | |
| বাদ: অলিখিত অনাদায়ী পাওনা | ১,০০০ | | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১,৫০০ | ৪৮,৫০০ | |
| সমাপনী মজুদ | | ৫৫,০০০ | |
| অগ্রিম বিমা | | ৭৫০ | |
| প্রাপ্য সুদ আয় | | ১৮,০০০ | |
| নগদ ও ব্যাংক জমা | | ১,২১,০০০ | |
| | | | ২,৫১,২৫০ |
| **বিবিধ ব্যয় (অসমন্বিত খরচ)** | | | - |
| **মোট সম্পত্তি =** | | | **৭,৩১,২৫০** |

**নমুনা প্রশ্ন -০৩**

(ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান: কালীন মজুদ পদ্ধতি)

বাটা কোম্পানি লিমিটেড অনুমোদিত মূলধন ৯,০০,০০০ টাকা। যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৯,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে কোম্পানির প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে দেয়া হলো:

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৬,০০০ শেয়ার) | | ৬,০০,০০০ |
| নিট আয় (৩১-১২-২০১৯) | | ১,০৫, ০০০ |
| আসবাবপত্র | ১,৩৫,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১,১২,০০০ |
| দালানকোঠা | ২,৮৯,৫০০ | |
| আয়কর | ২২,৫০০ | |
| আয়কর সঞ্চিতি | | ১ ৮,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণী উদ্বৃত্ত(০১-০১-২০১৯) | | ১,২০, ০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ(০১-০৭-২০১৯) | ২২,৫০০ | |
| প্রাপ্য হিসাব | ২৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৬০,০০০ |
| প্রাপ্য নোট | ৫০,০০০ | |
| ব্যাংক জমা | ১,৩৬,৫০০ | |
| নগদ তহবিল | ২,৭৭,৫০০ | |
| সমাপনী মজুদ | ৫৭,০০০ | |
| মোট = | ১০,১৫ ,৫০০ | ১০,১৫,৫০০ |

**সমন্বয় সমুহ**

১) শেয়ার মূলধনের উপর ৬.২৫% লভ্যাংশ প্রস্তাব করা হয়েছে

২) নিট লাভের ৯৫,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে এবং ১২,০০০ টাকা কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্তর করতে হবে।

৩) নোমানের নিকট দেনা ৭,৫০০ টাকা প্রাপ্য হিসাবের অন্তর্ভুক্ত; অপরদিকে তার পাওনা ৯,০০০ টাকা প্রদেয় হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত আছে।

ক) বিক্রয়ের উপর লাভের হার ৭% হলে বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো।

খ) সমাপ্ত হিসাবকালে কোম্পানির সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো।

গ) ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে শেয়ারহোল্ডারদের মালিকানা স্বত্ব ও দায় সমুহ দেখাও।

## ৩(ক) নং প্রশ্ন উত্তর

**বিক্রয়ের উপর নিট লাভের হার ৭% ধরে বিক্রয়ের পরিমাণ নির্ণয়:**

$$\text{বিক্রয়} = \frac{\text{নিট লাভ}}{\text{নিট লাভের হার}} \times ১০০$$

এখানে, নিট লাভ ১,০৫,০০০ টাকা এবং বিক্রয়ের ওপর নিট লাভের হার ৭%

$$\text{বিক্রয়} = \frac{১,০৫,০০০}{৭} \times ১০০ = ১৫,০০,০০০ \text{ টাকা}$$

## ৩(খ) নং প্রশ্ন উত্তর

বাটা কোম্পানি লিমিটেড

সংরক্ষিত আয় বিবরণী

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক জের (০১-০১-২০১৯) | | ১,২০,০০০ | |
| যোগ : নিট আয় (চলতি বছর) | | ১,০৫,০০০ | |
| | | | ২,২৫,০০০ |
| **বাদ: বন্টনসমূহ** | | | |
| আয়কর | ২২,৫০০ | | |
| বাদ: আয়কর সঞ্চিতি | ১৮ ,০০০ | ৪,৫০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | ২২,৫০০ | |
| ঘোষিত লভ্যাংশ (৬,০০,০০০ x ৬.২৫%) | | ৩৭,৫০০ | |
| সাধারণ সঞ্চিতি তহবিল স্থানান্তর | | ১৫,০০০ | |
| কর্মচারী কল্যাণ তহবিল স্থানান্তর | | ১২,০০০ | |
| | | | ৯১,৫০০ |
| **সমাপনী উদ্বৃত্ত বা জের (৩১-১২-২০১৯)** | | | ১,৩৩,৫০০ |

## ৩(গ) নং প্রশ্ন উত্তর

বাটা কোম্পানি লিমিটেড

আর্থিক অবস্থা বিবরণী ( আংশিক)

৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখে প্রস্তুতকৃত

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** প্রতিটি ১০০ টাকা করে ১,০০০শেয়ার | | | ১,০০,০০০ |
| **ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন:** প্রতিটি ১০০ টাকা করে ৬,০০০শেয়ার | | | ৬,০০,০০০ |
| **পরিশোধিত মূলধন:** প্রতিটি ১০০ টাকা করে ৬,০০০শেয়ার | | | ৬,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সাধারণ সঞ্চিতি | ১,১২,৫০০ | | |
| যোগ: নতুন স্থানান্তর | ১৫,০০০ | | |
| | | ১,২৭,৫০০ | |
| সংরক্ষিত আয় উদ্বৃত্ত | | ১,৩৩,৫০০ | |
| | | | ২,৬১,০০০ |
| **চলতি দায় ও প্রভিশন:** | | | |
| প্রদেয় হিসাব | ৬০,০০০ | | |
| বাদ: প্রাপ্য হিসাব সমন্বয় | ৭,৫০০ | ৫২,৫০০ | |
| ঘোষিত লভ্যাংশ | | ৩৭,৫০০ | |
| কর্মচারী কল্যাণ তহবিল | | ১২,০০০ | |
| | | | ১, ০২,০০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়** | | | ৯,৬৩,০০০ |

## নমুনা প্রশ্ন -০৪

### (ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান: কালীন মজুদ পদ্ধতি)

সাইমন কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। অনুমোদিত মূলধনের প্রতিটি ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ:

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন ( ৬,২৫০ শেয়ার ইস্যুকৃত ও বিলিকৃত) | | ৬,২৫,০০০ |
| ১২% ঋণপত্র | | ১,০০,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ২,৬০,০০০ | |
| আসবাবপত্র | ৮৪,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ৭৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,৫০,০০০ | ৫,৮০,০০০ |
| ফেরত | ১০,০০০ | ১৫,০০০ |
| মজুরি খরচ | ৩০,০০০ | |
| বেতন খরচ | ৬০,০০০ | |
| ভাড়া খরচ | ৪৮,০০০ | |
| সুদ খরচ | ৭,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৩২,০০০ | |
| অনাদায়ী পাওনা | ১২,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৯,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,১০,০০০ | ৫০,০০০ |
| বহিঃপরিবহন | ১১,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৩,০০,০০০ | |
| ১৪% বিনিয়োগ | ৯০,০০০ | |
| মোট = | ১৩,৭৯,০০০ | ১৩,৭৯,০০০ |

সমন্বয়সমূহ:

১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৮০,০০০ টাকা যার মধ্যে অব্যবহৃত মনিহারি ৪,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে।

২) মাসিক ভাড়া প্রদানের হার ৩,০০০ টাকা।

৩) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে ৪,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে, কিন্তু ইহা হিসাবের বইতে লেখা হয়নি। মোট বিজ্ঞাপনের $\frac{১}{৪}$ অংশ অবলোপন করতে হবে।

৪) অনাদায়ী পাওনা সঞ্চিতি আরও ৩,০০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে।

৫) কলকব্জা ও যন্ত্রপাতির উপর ৫%, ভূমি ও দালানকোঠা উপর ৪% এবং আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো।

খ) মোট আয়ের ৪,১৪,০০০ টাকা ধরে কোম্পানির নিট আয় বা ক্ষতি নির্ণয় করো।

গ) ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাইমন কোম্পানি লিমিটেড এর মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো।

### ৪(ক) নং প্রশ্নের উত্তর

**বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ | | ৭৫,০০০ |
| ক্রয় | ২,৫০,০০০ | |
| বাদ: ফেরত | ১৫,০০০ | |
| বাদ: বিনামূল্যে পণ্য বিতরণ | ৮,০০০ | |
| নিট ক্রয় | | ২,২৭,০০০ |
| মজুরি খরচ | | ৩০,০০০ |
| **বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় =** | | **৩,৩২,০০০** |
| বাদ: সমাপনী মজুদ | ১,৮০,০০০ | |
| (-) অব্যবহৃত মনিহারি | ৪,০০০ | |
| | | ১,৭৬,০০০ |
| **বিক্রিত পণ্যের ব্যয় =** | | **১,৫৬,০০০** |

**৪(খ) নং প্রশ্নের উত্তর**

সাইমন কোম্পানি লিমিটেড

বিশদ আয় বিবরণী (আংশিক)

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট আয় (দেয়া আছে) | | | ৪,৯৪ ,০০০ |
| **বাদ: পরিচালন খরচ** | | | |
| বেতন খরচ | | ৬০,০০০ | |
| ভাড়া খরচ | ৪৮,০০০ | | |
| বাদ: অগ্রিম | ১২,০০০ | | |
| বাদ: অব্যবহৃত মনিহারি | ৪,০০০ | | |
| | | ৩২,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৩২,০০০ | | |
| যোগ: পণ্য বিতরণ | ৮,০০০ | | |
| বাদ: বিলম্বিত (৪০,০০০× $\frac{৩}{৪}$) | ৩০,০০০ | | |
| | | ১০,০০০ | |
| অনাদায়ী পাওনা | ১২,০০০ | | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১২,০০০ | | |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৯,০০০ | | |
| | | ১৫,০০০ | |
| বহিঃপরিবহন | | ১১,০০০ | |
| **অবচয় সমূহ:** | | | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ১৩,০০০ | | |
| ভূমি ও দালানকোঠা | ১২,০০০ | | |
| আসবাবপত্র | ৮,৪০০ | | |
| | | ৩৩,৪০০ | |
| | | | ১,৬৯,৪০০ |
| **পরিচালন আয়** | | | ২,৫২,৬০০ |
| যোগ: অন্যান্য আয় ও মুনাফা | | | ১২,৬০০ |
| সুদ আয় (৯০,০০০× ১৪%) | | | ২,৬৫,২০০ |
| **বাদ: অন্যান্য খরচ/ ক্ষতি** | | | |
| সুদ খরচ | | ৭,০০০ | |
| যোগ: প্রদেয় সুদ (১,০০,০০×১২% - ৭,০০০) | | ৫,০০০ | |
| | | | ১২,০০০ |
| **নিট আয় =** | | | **২,৫৩,২০০** |

বিশেষ নোট:

(১) সমাপনী মজুদ পণ্যের মধ্যে অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে। কিন্তু রেওয়ামিলে মনিহারি হিসাবের উদ্বৃত্ত নেই। তাই ভাড়া খরচ এর মধ্যে অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে মনে করে বাদ দিয়ে দেখানো হয়েছে।

(২) বিনিয়োগের সুদকে 'সুদ আয়' হিসাবে হিসাবভুক্ত করা হয়েছে। বিনিয়োগের সুদ ৯ বছরের প্রাপ্য হয়েছে কিন্তু পাওয়া যায়নি। তাই বিশদ আয় বিবরণীতে অন্যান্য আয় হিসাবে এবং প্রাপ্য সুদ আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদ শিরোনামে দেখানো হয়েছে।

(৩) ঋণপত্রের সুদকে 'সুদ খরচ' হিসাবে হিসাবভুক্ত করা হয়েছে। ঋণপত্রের ওপর ৯ বছরের সুদ বাবদ মোট সুদ খরচের পরিমাণ ১২,০০০ টাকা। কিন্তু রেওয়ামিলে দেখা যাচ্ছে, সুদ খরচ বাবদ ৭,০০০ টাকা পরিশোধ করা হয়েছে । অতএব, ঋণপত্রের প্রদেয় সুদ এর পরিমাণ হলো (১২,০০০- ৭,০০০) টাকা বা ৫,০০০ টাকা। যা একবার আয় বিবরণীতে প্রদেয় সুদ নামে সুদ খরচের সাথে যোগ করা হয়েছে। এবং আর একবার আর্থিক অবস্থার বিবরণীতে চলতি দায় হিসাবে দেখাতে হবে।

(৩) ভাড়া প্রদানের মাসিক হার ৩,০০০ টাকা। অতএব, বার্ষিক ভাড়া খরচের পরিমাণ ৩৬,০০০ টাকা। কিন্তু রেওয়ামিলে ভাড়া বাবদ প্রদান করা হয়েছে ৪৮,০০০ টাকা। অতএব, অগ্রিম ভাড়ার পরিমাণ (৪৮,০০০ টাকা – ৩৬,০০০ টাকা) বা ১২,০০০ টাকা। যা, বিশদ আয় বিবরণীতে ভাড়া থেকে একবার অগ্রিম ভাড়া নামে বাদ দিয়ে দেখানো হয়েছে। আর একবার আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদ শিরোনামের অধীনে অগ্রিম ভাড়া নামে দেখানো হয়েছে।

**৪(গ) নং প্রশ্নের উত্তর**

সাইমন কোম্পানি লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)

৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রস্তুতকৃত

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ:** | | | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ২,৬০,০০০ | | |
| বাদ: পুঞ্জিভূত অবচয় | ১৩,০০০ | | |
| | | ২,৪৭,০০০ | |
| আসবাবপত্র | ৮৪,০০০ | | |
| বাদ: পুঞ্জিভূত অবচয় | ৮,৪০০ | | |
| | | ৭৫,৬০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৩,০০,০০০ | | |
| বাদ: পুঞ্জিভূত অবচয় | ১২,০০০ | | |
| | | ২,৮৮,০০০ | |
| | | | ৬,১০,০০০ |
| **দীর্ঘমেয়াদী বিনিয়োগ:** | | | |
| ১৪% বিনিয়োগ | | | ৯০,০০০ |
| **চলতি সম্পদ, ঋণ ও অগ্রিম:** | | | |
| প্রাপ্য সুদ | | ১২,৬০০ | |
| অগ্রিম ভাড়া | | ১২,০০০ | |
| অব্যবহৃত মনিহারি | | ৪,০০০ | |
| সমাপনী মজুদ (১,৮০,০০০-৪,০০০) | | ১,৭৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,১০,০০০ | | |
| বাদ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১২,০০০ | | |
| | | ৯৮,০০০ | |
| | | | ৩,০২,৬০০ |
| **বিবিধ ব্যয় (অসমন্বিত খরচ) :** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | | ৩০,০০০ |
| **মোট সম্পত্তি =** | | | **১০,৩৩,২০০** |

## নমুনা প্রশ্ন -০৫

(ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান: কালীন মজুদ পদ্ধতি)

আগমনী লিমিটেড -এর অনুমোদিত মূলধন ২৫,০০,০০০ টাকা। অনুমোদিত মূলধন প্রতিটি১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ারে বিভক্ত ।

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৯

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ১০,০০,০০০ |
| ১২% ঋণপত্র (০১-০৭-২০১৯) | | ১,০০,০০০ |
| ইজারা সম্পত্তি(১০ বছর) | ১,০০,০০০ | |
| আয়কর | ৩০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ১,২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪,০৭,০০০ | ৭,২৭,০০০ |
| মজুরি খরচ | ১,২০,০০০ | |
| শেয়ার অধিহার | | ৯০,০০০ |
| বেতন খরচ | ১,৬৫,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৪,৪০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ২০,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৭৫,০০০ |

| | | |
|---|---|---|
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩,০০,০০০ | ৫০,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৯০,০০০ | |
| সুনাম | ১,২০,০০০ | |
| দায় গ্রাহকের কমিশন | ৬০,০০০ | |
| সংরক্ষিত আয়(০১-০১-২০১৯) | | ১০,০০০ |
| **মোট =** | **২০, ৭২,০০০** | **২০,৭২,০০০** |

**অন্যান্য তথ্য:**

১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ১,৬০,০০০ টাকা, যার মধ্যে আগুনে বিনষ্ট পণ্য ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে।

২) অন্তর্বর্তীকালীন লভ্যাংশসহ ৯০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

৩) সঞ্চিতি তহবিল ৯০,০০০ টাকায় উন্নীত করতে হবে।

৪) দায় গ্রাহকের কমিশন ৫০% অবলোপন করতে হবে।

ক) প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো।

খ) মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো

গ) নিট মুনাফা ২,৮০,০০০ টাকা ধরে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো

**৫(ক) নং প্রশ্নের উত্তর**

**প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয়:**

| বিবরণ | টাকা |
|---|---|
| ঘোষিত লভ্যাংশ (১০,০০,০০০× ১০%) | ১,০০,০০০ |
| বাদ: অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান | ২০,০০০ |
| **প্রদেয় লভ্যাংশ** | **৮০,০০০** |

**৫(খ) নং প্রশ্নের উত্তর**

আগমনী কোম্পানি লিমিটেড

বিশদ আয় বিবরণী আংশিক

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ৭,২৭,০০০ |
| বাদ: বিক্রিত পণ্যের ব্যয়: | | | |
| প্রারম্ভিক মজুদ | | ১,২০,০০০ | |
| ক্রয় | ৪,০৭,০০০ | | |
| বাদ: আগুণে পণ্য বিনষ্ট | ৫,০০০ | | |
| | | ৪,০২,০০০ | |
| মজুরি খরচ | | ১,২০,০০০ | |
| **বিক্রয় যোগ্য পণ্যের ব্যয়** | | **৬,৪২,০০০** | |
| বাদ: সমাপনী মজুদ | ১,৬০,০০০ | | |
| (-) আগুণে বিনষ্ট পণ্য | ৫,০০০ | | |
| | | ১,৫৫,০০০ | |
| **বিক্রিত পণ্যের ব্যয়** | | | **৪,৮৭,০০০** |
| **মোট মুনাফা =** | | | **২,৪০,০০০** |

বিশেষ নোট:

(১) আগুণে পণ্য বিনষ্ট ৫,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্যের মধ্যে অন্তর্ভুক্ত আছে। আগুণে পণ্য বিনষ্ট হলে সমন্বয় জাবেদায় 'বিবিধ ক্ষতি' ডেবিট এবং 'ক্রয়' ক্রেডিট করা হয়। সেই জন্য বিশদ আয় বিবরণীতে 'ক্রয়' থেকে 'নিট ক্রয়' নির্ণয় করার সময় 'আগুণে বিনষ্ট পণ্য ৫,০০০ টাকা' বাদ দেয়া হয়েছে। পুনরায় 'বিশদ আয় বিবরণী'-তে 'অন্যান্য খরচ/ক্ষতি' শিরোনামের হিসাবে ;বিবিধ ক্ষতি ৫,০০০ টাকা' দেখাতে হবে। উল্লেখ্য যে, যেহেতু আগুণে বিনষ্ট পণ্য সমাপনী মজুদ ১,৬০,০০০ টাকার অন্তর্ভুক্ত তাই সমাপনী মজুদ পণ্য-এর সঠিক মূল্য নিরূপণ করার জন্য এটি সমাপনী মজুদ পণ্য থেকে বাদ দিয়ে দেখানো হয়েছে। অর্থাৎ, একবার 'বিশদ আয় বিবরণী'-তে আর একবার 'আর্থিক অবস্থার বিবরণী'তে সমাপনী মজুদ পণ্য ১,৬০,০০০ টাকা থেকে আগুণে পণ্য বিনষ্ট ৫,০০০ টাকা বাদ দিয়ে সমাপনী মজুদ পণ্যের সঠিক/প্রকৃত মূল্য ১,৫৫,০০০ টাকা দেখাতে হবে।

**৫(গ) নং প্রশ্নের উত্তর**

আগমনী কোম্পানি লিমিটেড

মালিকানা স্বত্ব বিবরণী

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| বিবরণ | শেয়ার মূলধন | শেয়ার অধিহার | সঞ্চিতি তহবিল | সংরক্ষিত আয় | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| প্রারম্ভিক জের (০১-০১-২০১৯) | ১০,০০,০০০ | ৯০,০০০ | ৭৫,০০০ | ১০,০০০ | ১১,৭৫,০০০ |
| নিট মুনাফা (দেয়া আছে) | | | | ২,৮০,০০০ | ২,৮ ০,০০০ |
| আয়কর | | | | (৩০,০০০) | (৩০,০০০) |
| আয়কর সঞ্চিতি | | | | ২০,০০০ | ২০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | | | (২০,০০০) | (২০,০০০) |
| প্রদেয় লভ্যাংশ | | | | (৮০,০০০) | (৮০,০০০ ) |
| সঞ্চিতি তহবিল স্থানান্তর | | | ১৫,০০০ | (১৫,০০ ০) | - |
| সমাপনী জের (৩১-১২-২০১৯) | ১০,০০,০০০ | ৯০,০০০ | ৯০,০০০ | ১,৬৫,০০০ | ১৩,৪৫,০০০ |

<><><><><><><><><><><><><><><><><>

প্রিয় শিক্ষার্থী,

হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্রের ৫ম অধ্যায় : যৌথমূলধনী কোম্পানির আর্থিক বিবরণী থেকে বাধ্যতামূলক ২টি প্রশ্নের উত্তর দিতে হয়। ফলে প্রতি বছরই বোর্ড পরীক্ষায় এই অধ্যায় থেকে সৃজনশীল প্রশ্ন থাকে। এখানে, আমি ৫ টি সৃজনশীল নমুনা প্রশ্ন ও নমুনা উত্তর দিয়েছে। প্রায় সবকটি প্রশ্ন বোর্ড পরীক্ষার প্রশ্নপত্রকে সামান্য পরিবর্তন করে নমুনা প্রশ্ন হিসাবে ব্যবহার করা হয়েছে। প্রকৃতপক্ষে ৫টি সৃজনশীল প্রশ্নের মাধ্যমে বিশাল এই অধ্যায়ের সব দরকারী সমন্বয় তোমাদের সামনে আনা সম্ভব হয়নি। তারপরও তোমাদের প্রতি নির্দেশ হচ্ছে, এই নমুনা প্রশ্ন ও উত্তরগুলি বারবার চর্চা করবে। এগুলি ভালোভাবে আয়ত্ব করার পর বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭. ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলিও নিজে নিজে সমাধান করবে। কারো কোন সমস্যা থাকলে নিচের মোবাইল নম্বরে ফোন করে সমস্যার সমাধান জেনে নেবে।

প্রাক্-নির্বাচনি পরীক্ষা ও নির্বাচনি পরীক্ষায় অবশ্যই এই অধ্যায় থেকে ২টি প্রশ্ন থাকবে। প্রশ্ন ২টির উত্তর করা বাধ্যতামূলক। আমার বিশ্বাস, তোমরা নিশ্চয় এই অধ্যায়ের গুরুত্ব অনুধাবণ করছে পেরেছো।

ভালো থেকো, ঘরে থেকো, সুস্থ ও নিরাপদে থেকো। ধন্যবাদ।

**মুহম্মদ জিয়াউর রহমান**

সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান)

বেপজা পাবলিক স্কুল ও কলেজ

চট্টগ্রাম ইপিজেড,

**মোবাইল # ০১৬১০-৯৩৫৩৫৬।**